দৈনিক ইত্তেফাক

৩/১০/২০০৫

তারিখ ...............
পৃষ্ঠা ..১.. কলাম ..৬....

# ঢা.বিতে ছাত্রলীগের বন্দুকযুদ্ধ

## বাগেরহাট গ্রুপকে বিতাড়িত করিয়া মাদারীপুর শরীয়তপুর গ্রুপের এসএম হল দখল ॥ ব্যাপক গুলী ও বোমাবর্ষণ ॥ আহত ৭, গ্রেফতার ৪

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এসএম হলে গতকাল শনিবার অতিপ্রত্যুষে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে বন্দুকযুদ্ধে ৭ জন আহত হইয়াছে। ৩০/৩৫ রাউন্ড গুলী বিনিময়ের পর সংগঠনের মাদারীপুর-শরীয়তপুর গ্রুপের নেতা-কর্মীরা হল দখল করিয়া নিয়াছে। ঘটনার পর তিন শতাধিক দাঙ্গা পুলিশ এসএম হল কর্ডন করিয়া তল্লাশী চালাইয়া ছাত্রলীগের দুই গ্রুপের ৪ নেতা-কর্মীকে গ্রেফতার করিয়াছে। এই ঘটনার এক মাস পূর্বে বাগেরহাট গ্রুপ মাদারীপুর-শরীয়তপুর গ্রুপের নেতা-কর্মীদের বিতাড়িত করিয়া হলটি দখল করিয়া নিয়াছিল।

গতকাল ফজরের নামাজের সময় এসএম হলের পিছন দিক দিয়া বাঁশের মই দিয়া হলের সাধারণ সম্পাদক রাশেদুল বাশার ডলার, মাঈনুদ্দীন বাবু, গালিব খান, (২য় পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

### বন্দুক যুদ্ধ

(১ম পৃঃ পর)

এহসান, হাফিজ ও মাহফুজের নেতৃত্বে ২০ জন নেতা-কর্মী সশস্ত্র অবস্থায় চুপিসারে হলের মধ্যে প্রবেশ করিয়া দুই গ্রুপে বিভক্ত হইয়া বৃষ্টির মত গুলী ও বোমা বর্ষণ করিতে শুরু করে। বাগেরহাট গ্রুপের নেতা-কর্মীরাও এ সময় গুলী করিতে থাকে। এক পর্যায়ে গুলী ফুরাইয়া গেলে হলের সম্মুখ দিক দিয়া শুকুর আলী ইমন, শফিকুল হক মানিক, শাওন, স্বপন, ফারুক, মঈনুল, বাহালুলসহ বাগেরহাট গ্রুপের নেতা-কর্মীরা দোতলা হইতে নীচে লাফাইয়া পড়িয়া চলিয়া যায়। লাফ দিতে গিয়া গুরুতর আহত হন ইমন, শাওন, স্বপন, সাইফুল, বাহারুল এবং গুলীতে আহত হন মানিক। এ সময় আহতদের নিকট হইতে রক্ষিত অস্ত্র নিয়া রায়হান দৌড় দিয়া পলাশী মোড়ের দিকে চলিয়া যায়। কিছু সময় পর পুলিশ আসিয়া আহতদের গাড়ীতে করিয়া ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়া যায়। মাদারীপুর-শরীয়তপুর গ্রুপের কর্মীরা হলে পরে মিছিল করিয়া ১৩৯ এবং ১৪০ নং কক্ষ ভাংচুর করে। আধ ঘন্টা পর পৌনে ৭টার দিকে পুলিশ আসিয়া হল কর্ডন করিয়া কক্ষে কক্ষে তল্লাশী চালাইয়া ২টি রামদা, ১৫ নং কক্ষ হইতে ১৮ রাউন্ড শটগানের গুলী, বিদেশী চাকু, চেইন, পাইপ এবং লাঠি উদ্ধার করে। এ সময় পুলিশ গালিব খান, জুয়েল, ফারুক, সাইফুল, জিতু এবং রানাকে গ্রেফতার করিয়া রমনা থানায় নিয়া যায়। ঘটনার পর হলে দীর্ঘক্ষণ যাবৎ পুলিশ মোতায়েন ছিল। আহতদের মধ্যে ইমনের পাজর ভাঙ্গিয়া গিয়াছে। বর্তমানে সে পঙ্গু হাসপাতালে চিকিৎসাধীন রহিয়াছে।

জানা যায়, ঘটনার আগের রাত্রে মাদারীপুর-শরীয়তপুর গ্রুপের কর্মীরা জহুরুল হক হলের তৃতীয় তলার একটি কক্ষে এসএম হল দখলের পরিকল্পনা নেয়। ঘটনার পর পুলিশ হলের আশপাশ দিয়া ছড়াইয়া-ছিটাইয়া থাকা রিভলবারের ৮/১০টি গুলী উদ্ধার করে। ছাত্রদল এসএম হলে গোলাগুলীর ঘটনার প্রতিবাদে ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করিয়াছে। কলা ভবনের গেটে সমাবেশে বক্তব্য রাখেন এ বি এম মোশারফ, আব্দুল বারী, ড্যানি, ফরহাদ হোসেন আযাদ।